

বাংলা ট্রিবিউন

কথায় নয়, কাজে বিশ্বাসী ছিলেন আনিসুল হক: ডিএনসিসি মেয়র

বাংলা ট্রিবিউন রিপোর্ট

৩০ নভেম্বর ২০২০, ১৭:৩৫



ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রথম নির্বাচিত মেয়র প্রয়াত আনিসুল হক কথায় নয়, তিনি কাজে বিশ্বাসী ছিলেন বলে মন্তব্য করেছেন সংস্থাটির বর্তমান মেয়র আতিকুল ইসলাম।

সোমবার (৩০ নভেম্বর) প্রয়াত মেয়রের তৃতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত দোয়া মাহফিলে তিনি এ মন্তব্য করেন। উত্তর সিটি করপোরেশনের নগর ভবনে এ সভা অনুষ্ঠিত হয়। এর আগে সকাল সাড়ে ১০টায় ডিএনসিসি মেয়র মো. আতিকুল ইসলামের পক্ষ থেকে বনানী কবরস্থানে আনিসুল হকের কবরে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়।

অসুস্থ থাকায় দোয়া ও মিলাদ মাহফিলে ডিএনসিসি মেয়র আতিকুল ইসলাম ভার্চুয়ালি যুক্ত হন। দোয়া ও মিলাদ মাহফিলের আগে আতিকুল ইসলাম বলেন, 'আমি হারিয়েছি একজন সহকর্মীকে, আমি হারিয়েছি একজন মানুষকে, যে

তিনি আরও বলেন, ‘আনিস ভাই বেশ কিছু চ্যালেঞ্জিং কাজে হাত দিয়েছিলেন। যেগুলো উনি সমাপ্ত করতে পারেননি। আমি, কাউন্সিলররা, আর সিটি করপোরেশনের সবাই মিলে চাচ্ছি— কাজগুলো যথা শিগগিরই সমাপ্ত করার জন্য। তার একটি প্রজেক্ট ছিল ইউটার্ন। এটি এই ডিসেম্বরে শেষ হবে। এমন আরও অনেক প্রজেক্ট আছে। আমি শুধু এইটুকু বলবো, আনিস ভাই যেটা করেছেন, সেটা উনার নিজের জন্য করেননি। বরং করেছেন নগরবাসীর জন্য। প্রধানমন্ত্রী উনাকে নগরের দায়িত্ব দিয়েছিলেন এবং উনি যতদিন বেঁচে ছিলেন, এই নগর নিয়েই চিন্তা করেছেন। উনার চিন্তাই ছিল নগর, নগর ও নগর। নিজের শরীরের জন্যও উনি চিন্তা করেনি। এটি একটি বিরাট গুরু দায়িত্ব, যেটি আনিস ভাই নিয়েছেন। এর পরে আমার কাছে দায়িত্বটা পড়েছে।’

আতিকুল ইসলাম আরও বলেন, ‘আনিস ভাই যেই জায়গায় নিয়ে গেছেন সিটি করপোরেশনকে মানুষের হৃদয়ে, সেই জায়গায় কাজ করা অত্যন্ত কঠিন ব্যাপার। তবুও রাব্বুল আল আমিনের কাছে দোয়া করি— আমি, আমার সব কাউন্সিলর এবং সিটি করপোরেশনের সবাই মিলে যেনো আনিস ভাইয়ের অসমাপ্ত কাজগুলো বাস্তবায়ন করতে পারি।’

মেয়র সবার প্রতি আহ্বান জানিয়ে বলেন, ‘আসুন, আমরা আনিস ভাইয়ের তৃতীয় মৃত্যুবার্ষিকীতে দোয়া করি। আমরা শোককে শক্তিতে রূপান্তর করে সবাই ঝাপিয়ে পড়ি, যাতে এই শহরকে কী করে সুন্দর শহর করা যায়, এই নগরকে কীভাবে সুন্দর নগর করা যায়, এটি আমাদের আজকের প্রতিশ্রুতি।’

/এস.এস/এপি.এইচ/

যোগাযোগ গোপনীয়তার নীতি শর্তাবলী